# যশোর বোর্ড-২০১৯

## বাংলা দ্বিতীয় পত্র: রচনামূলক প্রশ্ন

বিষয় কোড : | ১ | ০ | ২ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান — ৭০

[**দ্রষ্টব্য:** ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

**১. যেকোনো একটি বিষয়ে অনুচ্ছেদ লেখো:** ১০

(ক) খাদ্যে ভেজাল

(খ) একুশের বইমেলা

**২. যেকোনো একটি বিষয়ে পত্র লেখো:** ১০

(ক) মনে করো, তুমি দিনাজপুরের ফারহান। বিদ্যালয়ের শেষ দিনের মানসিক অবস্থা জানিয়ে তোমার বরিশালের বন্ধু প্রত্যয়ের কাছে একটি পত্র লেখো।

অথবা, (খ) মনে করো, তুমি সুপ্তি সাহা, জয়নগর উচ্চ বালিকা বিদ্যালয়ের দশম শ্রেণির শিক্ষার্থী। শিক্ষাসফরে যাওয়ার অনুমতি প্রার্থনা করে বিদ্যালয়ের প্রধান শিক্ষকের কাছে একটি আবেদনপত্র লেখো।

**৩. সারাংশ লেখো:** ১০

(ক) শ্রমকে শ্রদ্ধার সঙ্গে গ্রহণ করো। কালি-ধুলার মাঝে, রৌদ্র-বৃষ্টিতে কাজের ডাকে নেমে যাও। বাবু হয়ে ছায়ায় পাখার তলে থাকবার কোনো দরকার নেই। এ হচ্ছে মৃত্যুর আয়োজন। কাজের ভিতর কুবুদ্ধি, কুমতলব মানবচিত্তে বাসা বাঁধতে পারে না। কাজে শরীরে সামর্থ্য জন্মে। স্বাস্থ্য, শক্তি, আনন্দ স্ফূর্তি সবই লাভ হয়। পরিশ্রমের পর যে অবকাশ লাভ হয় তা পরম আনন্দের অবকাশ। তখন কৃত্রিম আয়োজন করে আনন্দ করার কোনো প্রয়োজন হয় না। শুধু চিন্তার দ্বারা জগতের হিত সাধন হয় না। শুধু চিন্তা করে মানুষ পূর্ণ জ্ঞান লাভ করতে সমর্থ হয় না। মানবসমাজে মানুষের সাথে কাজে, রাস্তায়, কারখানায়, মানুষের সঙ্গে ব্যবহারে মানুষ নিজেকে পূর্ণ করে।

teachingbd24.com
https://teachingbd24.com

অথবা, **সারমর্ম লেখো:**

(খ) "বসুমতি কেন তুমি এতই কৃপণা?
কত খোঁড়াখুঁড়ি করে পাই শস্যকণা।
দিতে যদি হয় দে মা প্রসন্ন সহাস,
কেন এ মাথার ঘাম পায়েতে বহাস?"
বিনা চাষে শস্য দিলে কি তাহাতে ক্ষতি?
শুনিয়া ঈষৎ হাসি কহে বসুমতী–
"আমার গৌরব তাতে সামান্যই বাড়ে,
তোমার গৌরব তাতে একেবারে ছাড়ে।"

**৪. যেকোনো একটির ভাব-সম্প্রসারণ করো:** **১০**

(ক) মানুষ বাঁচে তার কর্মের মধ্যে, বয়সের মধ্যে নহে।

(খ) অন্যায় যে করে আর অন্যায় যে সহে
তব ঘৃণা যেন তারে তৃণ সম দহে

**৫. যেকোনো একটি বিষয়ে প্রতিবেদন রচনা করো:** **১০**

(ক) মনে করো, তুমি মামুন, বগুড়া জিলা স্কুলের নবম শ্রেণির ছাত্র। তোমাদের বিদ্যালয়ের 'সাহিত্য ও সাংস্কৃতিক সপ্তাহ' উদ্‌যাপন সম্পর্কে একটি প্রতিবেদন তৈরি করো।

(খ) মনে করো, তুমি অনন্যা চৌধুরী, দৈনিক সমকাল পত্রিকায় কুমিল্লা প্রতিনিধি। 'মাদকাসক্তির বিস্তার' বিষয়ক একটি সংবাদ প্রতিবেদন তৈরি করো।

**৬. যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো:** **২০**

(ক) স্বদেশপ্রেম;

(খ) মানবকল্যাণে বিজ্ঞান

(গ) পরিবেশদূষণ ও তার প্রতিকার।

Teachingbd24.com

https://teachingbd24.com

# বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র
## বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড: | ১ | ০ | ২ |

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০

[**বিশেষ দ্রষ্টব্য:** সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. **'কাল একবার এসো'— বাক্যটিতে কোন অনুজ্ঞার ব্যবহার হয়েছে?**
ক বর্তমান অনুজ্ঞা
খ ঘটমান বর্তমান অনুজ্ঞা
গ ঘটমান ভবিষ্যৎ অনুজ্ঞা
ঘ ভবিষ্যৎ অনুজ্ঞা

২. **জিজ্ঞাসিব জনে জনে— এখানে 'জনে জনে' কোন কারকে কোন বিভক্তি?**
ক করণে ৭মী খ কর্মে ৭মী
গ অধিকরণে ৭মী ঘ অপাদানে ৭মী

৩. **অনুসর্গের অপর নাম কী?**
ক বিভক্তি খ অনন্বয়ী অব্যয়
গ কর্ম প্রবচনীয় ঘ সমুচ্চারী অব্যয়

৪. **ইতিহাস বিষয়ে অভিজ্ঞ যিনি— এর সংক্ষিপ্ত রূপ কোনটি?**
ক ঐতিহাসিক খ ইতিহাসবেত্তা
গ দার্শনিক ঘ গবেষক

৫. **'আমার যাওয়া হবে না'— এটি কোন বাচ্যের উদাহরণ?**
ক কর্তৃবাচ্য খ কর্মবাচ্য
গ ভাববাচ্য ঘ কর্ম কর্তৃবাচ্য

৬. **বাক্যে সম্বোধনের পর কোন চিহ্ন বসে?**
ক সেমিকোলন খ দাঁড়ি
গ কমা ঘ প্রশ্নবোধক

৭. **'উড়নচণ্ডী' বাগধারাটির অর্থ কী?**
ক মিতব্যয়ী
খ অমিতব্যায়ী
গ অকালপক্ব ঘ হতভাগ্য

৮. **'যশ' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?**
ক খ্যাতি খ অপযশ
গ প্রশংসা ঘ বিড়ম্বনা

৯. **ক্রিয়াপদের মূল অংশকে কী বলে?**
ক যতি খ ধাতু
গ উক্তি ঘ প্রকৃতি

১০. **নিচের কোনটি পুরাঘটিত অতীত কালের উদাহরণ?**
ক প্রদীপ নিভে গেল খ দেখে এলাম তারে
গ কাজটি কি তুমি করেছিলে
ঘ কাল সন্ধ্যায় বৃষ্টি পড়ছিল

১১. **'ব্যাকারণ' শব্দের ব্যুৎপত্তিগত অর্থ কী?**
ক বিশেষভাবে জ্ঞাপন
খ বিশেষভাবে বিশ্লেষণ
গ বিশেষভাবে বিয়োজন
ঘ বিশেষভাবে সংযোজন

১২. **বাক্যের ক্ষুদ্রতম একক কী?**
ক শব্দ খ বর্ণ
গ ধ্বনি ঘ চিহ্ন

১৩. **শব্দের উৎসমূলক শ্রেণিবিভাগ কয়টি?**
ক তিনটি খ চারটি
গ পাঁচটি ঘ ছয়টি

১৪. **স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপকে কী বলে?**
ক ফলা খ কার
গ মাত্রা ঘ অক্ষর

Teachingbd24.com

https://teachingbd24.com

১৫. 'যথার্থ' শব্দের সঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি?
ক) যথা + অর্থ খ) যথো + অর্থ
গ) যথা + আর্থ ঘ) যথঃ + অর্থ

১৬. প্রত্যেক ভাষার কয়টি মৌলিক অংশ থাকে?
ক) তিন খ) চার
গ) পাঁচ ঘ) ছয়

১৭. নিত্য স্ত্রীবাচক শব্দ কোনটি?
ক) কনিষ্ঠা খ) সেবিকা
গ) সংজ্ঞা ঘ) রজকী

১৮. 'নাটিকা'-তে কী অর্থে 'ইকা' প্রত্যয় যুক্ত হয়েছে?
ক) সমার্থে খ) বৃহদার্থে
গ) ক্ষুদ্রার্থে ঘ) বিপরীতার্থে

১৯. 'আমি আজ জ্বর জ্বর বোধ করছি'— এ বাক্যে কী অর্থে দ্বিরুক্তির ব্যবহার হয়েছে?
ক) আধিক্য খ) সামান্য
গ) আগ্রহ ঘ) তীব্রতা

২০. 'সাহেব' শব্দের বহুবচন কোনটি?
ক) সাহেবান খ) সাহেববৃন্দ
গ) সাহেবগণ ঘ) সাহেবরা

২১. নত্ব ও ষত্ব বিধান ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়?
ক) রূপতত্ত্ব খ) বাক্যতত্ত্ব
গ) অর্থতত্ত্ব ঘ) ধ্বনিতত্ত্ব

২২. পদাশ্রিত নির্দেশক সাধারণত পদের কোথায় বসে?
ক) পরে খ) প্রথমে
গ) মাঝে ঘ) প্রথমে ও পরে

২৩. 'মহাকীর্তি'- এর সঠিক ব্যাসবাক্য কোনটি?
ক) মহান যে কীর্তি খ) মহা যে কীর্তি
গ) মহতী যে কীর্তি ঘ) মহান যে কীর্তি

২৪. 'কদাকার' শব্দের 'কদ্' উপসর্গ কোন অর্থে ব্যবহৃত হয়েছে?
ক) নিন্দিত খ) পূর্ণতা
গ) নিকৃষ্ট ঘ) উৎকৃষ্ট

২৫. 'চলিষ্ণু' শব্দটির প্রকৃতি ও প্রত্যয় হলো—
ক) √চল + ষ্ণু খ) √চল্ + ইষ্ণু
গ) √চল + ইষ্ণ ঘ) √চল + উষ্ণ

২৬. 'রেস্তোরাঁ' কোন ভাষার শব্দ?
ক) পর্তুগিজ খ) ফরাসি
গ) ওলন্দাজ ঘ) গুজরাটি

২৭. আমি বহু কষ্ট করেছি, ফলে শিক্ষা লাভ করেছি— এটি কোন ধরনের বাক্য?
ক) মিশ্র বাক্য খ) যৌগিক বাক্য
গ) সরল বাক্য ঘ) খণ্ড বাক্য

২৮. নিচের কোনটি যোগরূঢ় শব্দ?
ক) দৌহিত্র খ) গায়ক
গ) বাঁশি ঘ) রাজপুত

২৯. 'সমুদ্র' শব্দটির প্রতিশব্দ কোনটি?
ক) তটিনী খ) স্রোতস্বিনী
গ) সলিল ঘ) জলধি

৩০. প্রশ্ন জিজ্ঞাসায় ক্রিয়ার কোন ভাব হয়?
ক) সাপেক্ষভাব
খ) অনুজ্ঞা ভাব
গ) আকাঙ্ক্ষা ভাব
ঘ) নির্দেশক ভাব

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | খ | ৩ | গ | ৪ | খ | ৫ | গ | ৬ | গ | ৭ | খ | ৮ | খ | ৯ | ঘ | ১০ | গ | ১১ | খ | ১২ | ক | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | ক |
| | ১৬ | খ | ১৭ | গ | ১৮ | গ | ১৯ | খ | ২০ | ক | ২১ | ঘ | ২২ | ক | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | ঘ | ২৯ | ঘ | ৩০ | ঘ |

Teachingbd24.com